সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট
খাগড়াছড়ি পার্বত্য জেলা।
ফোন-০৩৭১-৬২১৪৯ ফ্যাক্স-০৩৭১৬২৬১০
www.knsikhagrachari.gov.bd

## মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

**সভাপতি : জনাব জিতেন চাকমা, উপপরিচালক (ভা:)**

**তারিখ : ২৫/০৮/২০১৯ খ্রি:**

**সময় : দুপুর ০১.০০ ঘটিকা**

**স্থান : ইনস্টিটিউট সভা কক্ষ**

অদ্য ২৫/০৮/২০১৯ খ্রি: তারিখ রোজ রবিবার দুপুর ০১.০০ ঘটিকার সময় ইনস্টিটিউটের সভা কক্ষে নিম্ন আলোচ্যসূচীর আলোকে মাসিক মিটিং এর সভা অনুষ্ঠিত হয়। সভার শুরুতে সভাপতি জনাব জিতেন চাকমা, উপপরিচালক (ভা:) শাহদাত বরণকারী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মার শান্তির মাগফেরাত কামনা করে গভীর শোক প্রকাশ করেন এবং গত ২০ জুলাই ২০১৯ অনুষ্ঠিত **বার্ষিক সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার বিতরণী ও গুণীজন সংবর্ধনা**, ২৭ জুলাই ২০১৯ অনুষ্ঠিত **বর্ষা উৎসব** এবং ১৫ আগস্ট ২০১৯ **জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস** পালন যথাযথভাবে সম্পন্ন হওয়ায় বাস্তবায়নকারী জনাব কৌশল চাকমাকে(নাট্য প্রশিক্ষক) ধন্যবাদ জ্ঞাপন করেন এবং উপস্থিত সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে অদ্যকার সভা শুরু করেন। এ সভায় উপপরিচালক মহোদয় মূলত ২০১৯-২০ অর্থবছরের এপিএ এর গুরুত্বপূর্ণ বিষয়, বাস্তবায়ন ও অগ্রগতি সংক্রান্ত বিষয়াদি উপস্থাপন করেন এবং সেই সাথে ২০১৯-২০ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার, শুদ্ধাচারের ক্ষেত্রে করণীয় পদক্ষেপ, মাসিক সমন্বয় সভা এবং নিয়মিত প্রশিক্ষণের প্রশিক্ষকদের উদ্ভাবনী( প্রশিক্ষণের ক্ষেত্রে)কার্যক্রমের পদক্ষেপ ইত্যাদি বিষয়াদি আলোপাত করেন। নিম্নে কার্যক্রমের বিষয়ে সর্বসম্মতিক্রমে গৃহীত সিদ্ধান্তসমূহ আলোচনা করা হল:

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত ও বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১. | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ, পর্যালোচনা ও অনুমোদন | সভাপতি জনাব জিতেন চাকমা, উপপরিচালক(ভা:) সবাইকে শুভেচ্ছা জানিয়ে বিগত সভার কার্যকবিবরণী পাঠ করেন এবং বিগত বার্ষিক সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার বিতরণী ও গুণীজন সংবর্ধনা, বর্ষা উৎসব ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন সভার সিদ্ধান্তের আলোকে কাজের অগ্রগতি সন্তোষজনক বলে সভাকে জানান। | পূর্ববর্তী সভার কার্য বিবরণীতে আর কোন সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।<br><br>**বাস্তবায়নকারী:**-জনাব কৌশল চাকমা, প্রশিক্ষক, নাটক, অত্র ইনস্টিটিউট। |
| ০২. | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন প্রসংগে জনাব জিতেন চাকমা,উপপরিচালক(ভা:) উল্লেখ করেন- ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বিগত ১৯ই জুন ২০১৯ স্বাক্ষরিত হয়েছে এবং নতুন এপিএ চুক্তিতে কিছু পরিবর্তন হয়েছে। বিগত ২০১৮-১৯অর্থবছরের এপিএ নির্দিষ্ট সময় মোতাবেক সম্পাদিত না হওয়ায় অসন্তোষ প্রকাশ করেন। তিনি নতুন কর্মসম্পাদন চুক্তি অনুসারে ২০১৯-২০ অর্থবছরের এপিএ সুষ্ঠু এবং সফলভাবে নির্দিষ্ট সময়ের মধ্যে যাতে সম্পন্ন হয় এজন্য সকল প্রশিক্ষক এবং কর্মকতা/কর্মচারীদের দায়িত্বশীলতার সাথে কাজ করার জন্য সকলকে অনুরোধ করেন। | নতুন কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম শুরুর জন্য সকল প্রশিক্ষকদের তাগাদা প্রদান করা হলো এবং প্রশিক্ষণার্থীদের সুবিধার কথা বিবেচনা করে সঠিক সময়ে প্রশিক্ষণ শুরু করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>**বাস্তবায়নকারী:**-সকল প্রশিক্ষক। |

| | | | |
|---|---|---|---|
| ০৩ | ইনস্টিটিউটের কার্যক্রম | ১.অত্র ইনস্টিটিউটের নিয়মিত কার্যক্রমের অংশ হিসেবে গত ২০ জুলাই ২০১৯ বার্ষিক সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার বিতরণী এবং গুণীজন সংবর্ধনা অনুষ্ঠানটি অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেব উপস্থিত ছিলেন পার্বত্য জেলা পরিষদের সম্মানীত সদস্য জনাব শতরূপা চাকমা(ভো: চেয়ারম্যান, পাজেপ) এবং বিশেষ অতিথি হিসেবে ছিলেন অত্র ইনস্টিটিউটের নির্বাহী পরিষদের সদস্য জনাব মৌসুমী ত্রিপুরা। এ অনুষ্ঠানটিতে বার্ষিক সাংস্কৃতিক প্রতিযোগিতায় ক্ষুদে বিজয়ী ছাত্র-ছাত্রীদের পরিবেশনা ছিল ও বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয় এবং সংস্কৃতি ক্ষেত্রে বিশেষ অবদান রাখা গুণী শিল্পীদের নগদ অর্থ আর সম্মাননা স্মারণ প্রদান করা হয়। এ অনুষ্ঠানটি যথাযথ আর সুন্দরভাবে সম্পন্ন হওয়ার জন্য উপস্থিত সকলে খুবই প্রশংসা করেন। আর অনুষ্ঠানের সমস্ত কার্যক্রম অত্র ইনস্টিটিউটের ফেইসবুকে সরাসরি সম্প্রসারণ করা হয় এবং পরবর্তীতে অত্র ইনস্টিটিউটের ইউটিউব চ্যানেলে আপলোড করা হয়। | ১. এ অনুষ্ঠানটি যথাযথ এবং সুষ্ঠভাবে সম্পন্ন হওয়ার জন্য অনুষ্ঠানটির পরিচালনার দ্বায়িত্বে থাকা জনাব জিতেন চাকমা, উপপরিচালক(ভা:) সার্বিক দ্বায়িত্বে থাকা জনাব কৌশল চাকমা, নাট্য প্রশিক্ষকসহ অন্যান্য সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং এ ধরণের কার্যক্রম আরো সঠিক সময়ে সম্পন্ন হওয়ার জন্য উপস্থিত সকলকে তাগাদা দেন। |
| | | ২.গত ২৭ জুলাই ২০১৯ খাগড়াছড়ি জেলায় প্রথম বারের মত "বর্ষা উৎসব" পালিত হয়। এতে মাননীয় সাংসদ সদস্য জনাব কুজেন্দ্রলাল ত্রিপুরা, ভারত প্রত্যাগত শরণার্থী বিষয়ক টাস্কফোর্সের চেয়ারম্যান(পদমর্যাদায় এমপি) প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এবং অনুষ্ঠান শেষ হওয়া অবধি উপস্থিত ছিলেন। তিনি এ অনুষ্ঠানটি খুবই আনন্দিত চিত্তে উপভোগ করেন ও প্রশংসা করেন এবং এ অনুষ্ঠানের আয়োজককে অনেক ধন্যবাদ জ্ঞাপন করেন। এতে পার্বত্য জেলা পরিষদের সম্মানীত সদস্য জনাব শতরূপা চাকমা(ভো: চেয়ারম্যান, পাজেপ) এবং সদর উপজেলার চেয়ারম্যান জনাব মো: শানে আলমসহ আরো গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। এ অনুষ্ঠানটি অত্র ইনস্টিটিউটের ইউটিউটব চ্যানেল সরাসরি সম্প্রচার করা হয় এবং দূর-দূরান্তে থাকা সংস্কৃতি পিপাসু অনেক দশর্ক তা সরাসরি উপভোগ করেন এবং পরবর্তীতে অত্র ইনস্টিটিউটের ইউটিউব চ্যানেলে আপলোড করা হয়। | ২.এ উৎসবটি যথাযথ এবং সুষ্ঠভাবে সম্পন্ন হওয়ার জন্য অনুষ্ঠানটির পরিচালনার দ্বায়িত্বে থাকা জনাব জিতেন চাকমা, উপপরিচালক(ভা:), সার্বিক দ্বায়িত্বে থাকা জনাব কৌশল চাকমা, নাট্য প্রশিক্ষক, অত্র ইনস্টিটিউটসহ অন্যান্য সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং এ ধরণের কার্যক্রম আরো বৃদ্ধির জন্য উপস্থিত সকলকে তাগাদা দেন। |
| | | ৩. গত ১৫ আগস্ট ২০১৯ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত জাতির পিতার ছবি সংবলিত ব্যনার ড্রপ টাঙানো, জেলা প্রশাসক কর্তৃক আয়োজিত র‍্যালীতে অংশগ্রহণ ও পুস্পস্তবক অপর্ণ এবং অত্র ইনস্টিটিউট কর্তৃক চিত্রাংকন, কবিতা আবৃতি ও রচনা প্রতিযোগিতা সুষ্ঠ ও সফলভাবে সম্পন্ন হওয়ার জন্য উপপরিচালক মহোদয় সন্তোষ প্রকাশ করেন এবং আগামীতে অনুষ্ঠেয় জাতীয় প্রোগ্রামগুলো আরো সুন্দর ও সুষ্ঠুভাবে সম্পন্নের জন্য উপস্থিত সকলের কাছে সহযোগিতাও কামনা করেন। | ৩. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদত বার্ষিকীতে আয়োজিত জাতীয় শোক দিবসটি যথাযথ ভাবগাম্ভীর্যভাবে পালনের জন্য জনাব জিতেন চাকমা, উপপরিচালক(ভা:) জনাব কৌশল চাকমা, প্রশিক্ষক, নাটক, অত্র ইনস্টিটিউটসহ সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং পরবর্তীতে এ ধরণের জাতীয় অনুষ্ঠানগুলো আরো সুন্দর ও সুষ্ঠুভাবে সম্পন্নের জন্য সকলকে অনুরোধ করেন। |
| | | ৪. সভায় জনাব জিতেন চাকমা, উপপরিচালক(ভা:) তৎকালীন ভারতবর্ষ তথা বর্তমানে কুমিল্লা জেলায় ত্রিপুরা রাজ পরিবারে গীতিকার, সুরকার ও সংগীত শিল্পী শচীন দেববর্মণ জন্ম গ্রহণ করেন এবং বাংলাদেশের ও বাঙালি সংস্কৃতির ক্ষেত্রে এ গুণী শিল্পীর যথেষ্ট অবদান রয়েছে বলে উল্লেখ করেন। এ বিষয়টিকে সামনে রেখে শচীন দেববর্মণের | ৪. শচীন দেববর্মণের স্মরণে উনার জন্মবার্ষিকী অথবা মৃত্যুবার্ষিকীতে একটি সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>**বাস্তবায়নকারী**:-জনাব কৌশল চাকমা, প্রশিক্ষক, নাটক, অত্র ইনস্টিটিউট। |

| | | | |
|---|---|---|---|
| | | স্মরণে উনার স্বরচিত গান এবং নৃত্যের একটি সাংস্কৃতিক অনুষ্ঠানের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং উপস্থিত সকলের কাছে এ বিষয়ে সবার সহযোগিতা কামনা করেন।<br><br>৫.খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ কর্তৃক নির্মিত খাগড়াছড়ি জাদুঘরটি প্রায় ৫-৬ বছর পরিত্যাক্ত অবস্থায় ছিল। এতে বিভিন্ন শিক্ষার্থী এবং দর্শনার্থী এ সেবা থেকে বঞ্চিত হয়ে আসছে। বর্তমানে নতুন উপপরিচালক মহোদয় জনাব জিতেন চাকমা(ভা:) দায়িত্ব গ্রহণ করার পর জাদুঘরের আভ্যন্তরীণ স্থাপনা সংস্কার, সিসি ক্যামরা স্থাপন এবং কিছু প্রত্নবস্তু সংগ্রহ করায় মিউজিয়াম কিউরেটর, জনাব সাইন্দা চৌধুরী উপপরিচালক মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে আগামী ডিসেম্বর ২০১৯ নাগাদ সর্বাত্মকভাবে এ জাদুঘরটি উন্মুক্তের পরিকল্পনা গ্রহণ করা হয়।<br><br>৬.অত্র ইনস্টিটিউটের সংগ্রহকৃত দেশ-বিদেশের গুণী লেখকদের প্রায় ২,৫০০ টি পুস্তক এবং অত্র ইনস্টিটিউট থেকে মুদ্রিত ২৩টির মত পুস্তক সম্বলিত একটি লাইব্রেরি রয়েছে। তাই জাতির পিতার জন্মশত বার্ষিকী উপলক্ষ্যে **"জাতির পিতার আত্মজীবনী ও মুক্তিযুদ্ধে জাতির পিতার অবদান"** নিয়ে একটি পাঠচক্র কার্যক্রমের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এতে স্কুল ও কলেজে পর্যায়ের প্রায় ২৫০-৩০০ শিক্ষার্থীর অংশগ্রহণের পরিকল্পনাও নেওয়া হয়েছে।<br><br>৭. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী প্রতি বছরের ন্যায় এবছরও অর্থাৎ ২০১৮-১৯ অর্থবছর অনুসারে অত্র ইনস্টিটিউট থেকে ০৪টি বই মুদ্রণ করা হয়েছে। এ মুদ্রিত বইগুলো সুলভ মূল্যে অত্র ইনস্টিটিউট থেকে সংগ্রহ করা যাবে। এরই ধারাবাহিকতায় ২০১৯-২০ অর্থবছরেরও ৩/৪টি বই মুদ্রণের পরিকল্পনা রয়েছে বলে সভায় উপস্থিত সকলের মাঝে উপপপরিচালক মহোদয় ব্যক্ত করেন। | <br><br><br><br>৫.আগামী ডিসেম্বরের মধ্যে জাদুঘরটি জনসাধারণের জন্য উন্মুক্তির জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>**বাস্তবায়নকারী:**-জনাব জিতেন চাকমা, উপপরিচালক(ভা:), অত্র ইনস্টিটিউট এবং জনাব সাইন্দা চৌধুরী, মিউজিয়াম কিউরেটর, অত্র ইনস্টিটিউট।<br><br>৬.আগামী ১লা জানুয়ারী ২০২০ সাল হতে এ কার্যক্রমটি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>**বাস্তবায়নকারী:**- জনাব সাইন্দা চৌধুরী, মিউজিয়াম কিউরেটর, অত্র ইনস্টিটিউট ও জনাব কৌশল চাকমা, নাট্য প্রশিক্ষক, অত্র ইনস্টিটিউট।<br><br>৭. যতদ্রুত সম্ভব আগামী কয়েক মাসের মধ্যে পান্ডুলিপি যাচাই-বাছাই করে ২০১৯-২০ অর্থবছরে ৩/৪টি বই মুদ্রণের সিদ্ধান্ত নেওয়া হয়।<br><br>**বাস্তবায়নকারী:**-জনাব জিতেন চাকমা, উপপরিচালক(ভা:), অত্র ইনস্টিটিউট। |
| ৬ | বিবিধ | ১.বার্ষিক কর্মসম্পাদন চুক্তির একটি অংশ হলো " বার্ষিক সাংস্কৃতিক প্রতিযোগিতা "। গত বছরের চেয়েও এ প্রতিযোগিতাটি এ বছর যাতে আরো আড়ম্বর এবং জাকঁজকমভাবে সম্পন্ন হতে পারে সে লক্ষ্যে উপপরিচালক মহোদয় স্ব স্ব বিষয়ের প্রশিক্ষকদের আইডিয়া ও চাহিদা পত্র জমা দেওয়ার জন্য অনুরোধ করেন।<br><br>২.এছাড়া অফিসের বারান্দায় পর্যাপ্ত লাইট, অফিসের ডিজিটাল সাইন বোর্ড, অফিস প্রাঙ্গণ ও চারদিক পরিস্কার-পরিচ্ছন্ন এবং মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক ডেঙ্গুর প্রার্দুভাব রোধ করার জন্য নিয়মিত পরিস্কার-পরিচ্ছন্ন, মনিটরিং এবং সবাই এ ব্যাপারে সচেতন হওয়ার বিষয়টিও আলোচনায় উপস্থাপন করা হয়।<br><br>৩. মাসিক সমন্বয় সভার মিটিং এতদিন পর্যন্ত নির্দিষ্ট কোন তারিখে আয়োজন করা হতো না। ফলে এতে বিভিন্ন অসুবিধার সৃষ্টি হতো এবং কাজের অগ্রতির ব্যাঘাট ঘটতো। তাই সভায় সবার সম্মতিক্রমে একটি নির্দিষ্ট তারিখ নির্বাচন করা হয়। আর এ সভায় এপিএ, জাতীয় | ১. আগামী কয়েক সপ্তাহের মধ্যে স্ব স্ব প্রশিক্ষককে আইডিয়া ও চাহিদা পত্র জমা দেওয়ার জন্য সিদ্ধান্ত নেওয়া হয়।<br><br>**বাস্তবায়নকারী:**- সকল প্রশিক্ষক।<br><br>২.এ বিষয়ে উপপরিচালক মহোদয় উপস্থিত সকলকে সচেতন এবং পরিস্কার-পরিচ্ছন্ন রাখার পরামর্শ দেন।<br><br>৩.আগামী মাস হতে প্রত্যেক মাসের প্রথম সপ্তাহের রবিবার অথবা সোমবার মাসিক সমন্বয় সভার মিটিং এর তারিখ নির্বাচন করা হয় এবং উপপরিচালক মহোদয়ের নির্দেশক্রমে আগামী মাস হতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। |

| | | | |
|---|---|---|---|
| | | শুদ্ধাচার, অভিযোগ নিষ্পত্তি, অনুষ্ঠান সংক্রান্ত, সেবা সংক্রান্তসহ ইত্যাদি বিষয়গুলোও মাসিক সমন্বয় সভার মিটিংয়ে থাকবে বলে উপপরিচালক মহোদয় ব্যক্ত করেন। | |

সভায় আর কোন আলোচনা না থাকায় জনাব জিতেন চাকমা সবাইকে ধন্যবাদ জানিয়ে অদ্যকার সভার সমাপ্তি ঘোষণা করেন।

(জিতেন চাকমা)
উপপরিচালক (ভা:)
ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট,
খাগড়াছড়ি পার্বত্য জেলা।
তাং:-০২-০৯-১৯ খ্রি:

স্মারক নং:- ৪৩.০৪.৪৫.০০.০১.২০১৯-৮৭৩ (৫)

অনুলিপি ও জ্ঞাতার্থে :

১। সচিব,সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়,ঢাকা।
২।মাননীয় চেয়ারম্যান,পাজেপ,খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৩। অফিস নথি/ ওয়েব সাইটে প্রকাশের জন্য।